# বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭।

ফোন : ৮৮০-২-৮১৮১৯২২
ফ্যাক্স : ৮৮০-২-৮১৮১০১৫
ই-মেইল : info@baera.gov.bd
ওয়েবসাইট : www.baera.gov.bd


সূত্র নং- ৩৯.০৭.০১৮.০১.০০.০৭২.২০১৩.২০-

তারিখঃ ৩০.০৯.২০২০ খ্রি.

বিষয়ঃ বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ২০২০-২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনা অনুযায়ী কর্মপরিবেশ উন্নয়ন বিষয়ক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয় এর প্রেক্ষিতে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ২০২০-২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনা অনুযায়ী কর্মপরিবেশ উন্নয়ন বিষয়ক প্রতিবেদন এতদ্-সংগে প্রেরণ করা হলো।

সংযোজন:- বর্ণনামতে।

৩০/০৯/২০২০

(প্রকৌঃ মোঃ মোজাম্মেল হক)
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
ফোন নং: ৮৮-৮১৮১৯২২

সিনিয়র সচিব
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০

দৃষ্টি আকর্ষণঃ জনাব বাবুল মিয়া, উপসচিব (অধিশাখা-৩, বাজেট শাখা), বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

## বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কর্ম-পরিবেশ উন্নয়ন বিষয়ক প্রতিবেদন


বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১ এর কার্যক্রম নং-১১.১ [কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি)] অনুযায়ী বাপশনিক এর কর্ম-পরিবেশ উন্নয়ন এর ক্ষেত্রে নিম্ন-লিখিত পদক্ষেপ গ্রহণ করা হয়েছেঃ

### ১। অথরিটি ভবনের নীচ তলার লবি সম্প্রসারণ

বাপশনিক এ আগত অতিথি ও সেবাগ্রহীতাদের বসা ও অপেক্ষা করার জন্য অথরিটি ভবনের নীচতলার লবিটি সম্প্রসারণের মাধ্যমে অতিথি ও সেবা গ্রহীতাদের বসার ব্যবস্থা আরো উন্নত করা হয়েছে। লবি সম্প্রসারণের ফলে স্থানটির আয়তন বৃদ্ধি পাওয়ায় একটি খোলামেলা ও উন্নত পরিবেশ তৈরি হয়েছে। লবিটির একটি দৃষ্টিনন্দন স্থানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মরণে "বঙ্গবন্ধু শেখ মুজিব কর্ণার" স্থাপন করা হয়েছে। জাতির জনক সম্পর্কে জানা, জাতির জনকের আদর্শকে হৃদয়ে ধারণ করার লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিব কর্নারে বঙ্গবন্ধুকে নিয়ে নানা ধরনের বই, ইতিহাস নিয়ে লেখা বই রাখা হয়েছে এবং কর্নারে স্থাপিত টিভি-তে বঙ্গবন্ধুর বক্তব্য-ভাষণ ইত্যাদি প্রচার করা হচ্ছে।







চিত্র: অথরিটি ভবনের নীচ তলার লবি সম্প্রসারণ

## ২। বাপশনিক এর লাইসেন্স/পারমিট সেবা সংক্রান্ত তথ্য প্রাপ্তি ও আবেদনের জন্য পৃথক অভ্যর্থনা কক্ষ স্থাপনঃ

বাপশনিক এ আগত লাইসেন্স/পারমিট সংক্রান্ত সেবা গ্রহীতাদের সেবা বিষয়ক যেকোন প্রশ্ন/জিজ্ঞাসা বা পরামর্শ প্রদান এবং এ সংক্রান্ত সকলপ্রকার আবেদন গ্রহণের জন্য অথরিটি ভবনের নীচ তলায় লবির পাশে একটি পৃথক অভ্যর্থনা কক্ষ স্থাপন করা হয়েছে। পৃথকভবাবে অভ্যর্থনা কক্ষ স্থাপন করায় এই সংক্রান্ত আগত সেবা গ্রহীতাদের লবিতে অবস্থান করার প্রয়োজন হয় না, ফলে লবি এবং অভ্যর্থনা কক্ষ দুই স্থানেই খোলামেলা ও উন্নত কর্মপরিবেশের সৃষ্টি হয়েছে । যেহেতু বাপশনিক এর এসকল সেবাগ্রহীতারা দেশব্যাপী বিভিন্ন স্থান থেকে এসে থাকেন, সেক্ষেত্রে কোভিড-১৯ এর এই মহামারীর সময়ে পৃথক অভ্যর্থনা কক্ষটির মাধ্যমে সামাজিক দূরত্ব বজায় রাখা ও স্বাস্থ্যবিধি মেনে এই কার্যক্রম পরিচালনা সম্ভব হচ্ছে।




চিত্র: বাপশনিক এর লাইসেন্স/পারমিট সেবা সংক্রান্ত তথ্য প্রাপ্তি ও আবেদনের জন্য পৃথক অভ্যর্থনা কক্ষ

## ৩। স্বাস্থ্যবিধি অনুসরণঃ

স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারীকৃত স্বাস্থ্য বিধি অনুসরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বাপশনিক ভবনে প্রবেশমুখে হাত ধোয়ার ব্যবস্থা গ্রহণ ও জীবাণুনাশক ফুট-ট্রে স্থাপন করা হয়েছে। বাপশনিক ভবনে প্রবেশমুখে থার্মাল স্ক্যানার দ্বারা ভবনে প্রবেশকারী সকলের তাপমাত্রা নির্ণয়ের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বাপশনিক এর অফিস প্রঙ্গানে প্রবেশকারী সকল যানবাহনের পরিচ্ছন্নতা নিশ্চিতকরণে জীবাণুনাশক স্প্রে এর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বাপশনিক ভবনের দৃশ্যমান একাধিক স্থানে স্বাস্থ্য-সুরক্ষা বিষয়ক নির্দেশনার পোস্টার ও ব্যানার প্রদর্শন করা হয়েছে। বাপশনিক এর কর্মকর্তা/কর্মচারীদের মাঝে স্বাস্থ্য-সুরক্ষা উপকরণ (হ্যান্ড স্যানিটাইজার, মাস্ক, হেড-কাভার, হ্যান্ড-গ্লাভস্, গগলস্) বিতরণ করা হয়েছে এবং মাস্ক পরিধান বাধ্যতামূলক করা হয়েছে।






চিত্র: স্বাস্থ্যবিধি অনুসরণ

## ৪। অকেজো মালামাল বিনষ্টকরণ

**অথরিটি** ভবনের নীচ তলার স্টোর রুমে স্তুপাকারে জমাকৃত আবর্জনা বিনষ্ট করে পরিষ্কার করা হয়েছে এবং অকেজো মালামাল নিলামে বিক্রয় করা হয়েছে। ফলে স্থানটি পরিষ্কার পরিচ্ছন্ন হয়েছে এবং উন্নত কর্মপরিবেশের সৃষ্টি হয়েছে। বর্তমানে স্থানটিতে বাপশনিক এর লাইসেন্স/পারমিট সেবা সংক্রান্ত তথ্য প্রাপ্তি ও আবেদনের জন্য পৃথক অভ্যর্থনা কক্ষ স্থাপন করা হয়েছে।

## ৫। পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম নিশ্চিতকরণঃ

বাপশনিক এর অফিস প্রাঙ্গান ও ভবনের পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম নিয়মিত তদারকি করা হয়। এলক্ষ্যে গঠিত কমিটির তত্ত্বাবধায়নে নিয়মিত পরিদর্শন কার্যক্রম চলমান রয়েছে। যার ফলে পরিচ্ছন্নতা কর্মীর মাধ্যমে পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করা হয়। অথরিটি ভবন ও অফিস প্রাঙ্গানের সুস্থ ও পরিচ্ছন্ন কর্মপরিবেশ কর্মকর্তা-কর্মচারীদের দাপ্তরিক কাজে মনোনিবেশ, উৎসাহ-উদ্দিপনা ও মানসিক বিকাশে সহায়তা করে।



## ৬। মশক নিধন ও ডেঙ্গু প্রতিরোধে পদক্ষেপ গ্রহণঃ


বাপশনিক এর অফিস প্রাঙ্গন ও ভবনের পরিষ্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতপূর্বক মশার বংশ বিস্তার রোধ ও ডেঙ্গু প্রতিরোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এলক্ষ্যে বাপশনিক এ ফগার মেশিন ক্রয় করা হয়েছে এবং নিয়মিত ওষুধ স্প্রে এর মাধ্যমে অথরিটি ভবন মশকবিহীন করে উন্নত কর্মপরিবেশ তৈরীর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।




## ৭। অথরিটি ভবনের নিরাপত্তা জোরদারকরণে ভবনের প্রবেশমুখে আর্চওয়ে স্থাপনঃ

অথরিটি ভবনের নিরাপত্তা জোরদারকরণে ভবনের প্রবেশমুখে আর্চওয়ে স্থাপন করা হয়েছে। এর ফলে ভবনের নিরাপত্তা জোরদার সহ একটি উন্নত কর্মপরিবেশ এর সৃষ্টি হয়েছে।





এছাড়াও, বাপশনিক এর সার্বিক কর্মপরিবেশ উত্তরোত্তর উন্নয়নের লক্ষ্যে নিয়মিতভাবে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

৩০/০৯/২০২০

প্রকৌঃ মো: মোজাম্মেল হক
চেয়ারম্যান
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা